দৈনিক বাংলা

তারিখ ... 04 FEB 1988 ...
পৃষ্ঠা ... 16 কলাম 1 ...

123

## পরীক্ষা পদ্ধতির রিপোর্ট পেশ করা হয়েছে : মাহবুব

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, বর্তমান সরকারের দর্শন ও লক্ষ্য হলো কর্ম ও উন্নয়নের মাধ্যমে জনগণের কল্যাণ সাধন, নিরক্ষরতা দূরীকরণ, শিক্ষার সম্প্রসারণ ও মান উন্নয়ন।

তিনি বুধবার শিক্ষা ভবনে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দফতর, অধিদফতর ও অন্যান্য বিভাগীয় প্রধান ও কর্মকর্তাদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষাক্ষেত্রে অদূর ভবিষ্যতে প্রয়োজনীয় সংস্কার সাধনের আশ্বাস দিয়ে মন্ত্রী বলেন, এ লক্ষ্যে শিক্ষা কমিশন ইতিমধ্যেই পরীক্ষা পদ্ধতির ওপর প্রণীত তাদের রিপোর্ট দাখিল করেছে। শিক্ষা সম্প্রসারণ ও উন্নয়ন সংক্রান্ত রিপোর্ট এ মাসের মধ্যেই কমিশন সরকারের নিকট দাখিল করবে। তিনি আরও বলেন, জনমত যাচাইয়ের জন্য উক্ত রিপোর্ট জনগণের সামনে তা বাস্তবায়নের পূর্বেই প্রকাশিত হবে।